

📖 সহীহ হাদীসের আলোকে সাওম বিশ্বকোষ

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায়ঃ সহীহ হাদীসের আলোকে সাওম

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ঈদের দু'মাস কম হয় না

আবু বাকরা রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

«شَهْرَانِ لَا يَنْقُصَانِ، شَهْرًا عِيدِ: رَمَضَانَ، وَذُو الْحِجَّةِ»

“দু’টি মাস কম হয় না। তা হলো ঈদের দু’মাস রমযানের মাস ও যিলহজের মাস।” আবু ‘আব্দুল্লাহ রহ. বলেছেন, আহমদ ইবন হাম্বল রহ. বলেন, রমযান ঘাটতি হলে যিলহজ পূর্ণ হবে। আর যিলহজ ঘাটতি হলে রমযান পূর্ণ হবে। আবুল হাসান রহ. বলেন, ইসহাক ইবন রাহওয়াই রহ. বলেন, ফযীলতের দিক থেকে এ দুই মাসে ঘাটতি নেই, মাস ঊনত্রিশ দিনে হোক বা ত্রিশ দিনে হোক।[1]

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ১৯১২।

🔗 Source — <https://www.hadithbd.com/books/link/?id=10845>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন